# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন : ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৯৮

তারিখঃ ৩০/০৭/১৪২৯ বঙ্গাঃ
১৫/১১/২০২২ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী এর স্মারক নং-পিএফ/১৫৭/১(০৩) তারিখঃ ১২-০১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে "জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী এর বিরুদ্ধে শৃংখলা পরিপন্থি কার্যকলাপের জন্য বিভাগীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে" তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী বরাবরে পত্র প্রেরণ পূর্বক অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অত্র দপ্তরে অনুলিপি প্রেরণ করেন। উক্ত পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী দপ্তরে গত ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখে জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক যোগদান করেন। যোগদানের দিন থেকে শুরু করে অদ্যাবধি সে বেপরোয়া আচরন করে যাচ্ছে। তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নিষেধ মান্য করেন না, অফিসে যোগদানের পরই কয়েকটি গুরুত্বপূর্ণ ফাইল চুরি করে, দপ্তরের কর্মচারীগণ তার চুরি দেখে ফেললে তাদেরকে অশালীন ভাষায় গালিগালাজ ও মারার হুমকি প্রদান করে, প্রায়ই দপ্তরে অনুপস্থিত থাকা, কর্মকর্তাদের তুচ্ছ-তাচ্ছিল্য করা, জোরপূর্বক নির্বাহী প্রকৌশলীর রুমে প্রবেশ করে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করা এবং নির্বাহী প্রকৌশলীর শরীরে হাত তোলা ও প্রাণনাশের হুমকি প্রদান করেন। উক্ত কর্মচারীর উল্লেখিত কর্মকাণ্ডের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-২১ তারিখঃ ২৫/০১/২০২২ খ্রিঃ মোতাবেক সাময়িকভাবে রবখাস্তকরণ পূর্বক তার বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলা মূলক ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-২২ তারিখঃ ২৫/০১/২০২২ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা করতঃ অভিযোগনামা তার দাপ্তরিক ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রাপ্তির স্বীকারসহ প্রেরন করা হলে উক্ত পত্রটি ডাকবিভাগ কর্তৃক "এই নামে এই অফিসে কোন লোক নাই তাই ফেরত" মর্মে মন্তব্য প্রদান করে অভিযোগনামাটি অত্র দপ্তরে গত ১০/০২/২০২২ খ্রিঃ তারিখে ফেরত আসে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ (১) (খ) অনুযায়ী এই অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্নপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিল করার বিধান থাকলেও উক্ত কর্মকর্তা অদ্যাবধি কোন জবাব দাখিল করেন নাই। এমনকি সময় বৃদ্ধির আবেদনও করেন নাই। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারীর জবাব দাখিল না করা এবং কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৪০, তারিখঃ ০৭/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), (সাময়িক বরখাস্তকৃত) সাবেক অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলীর আদেশাধীন) এর বিরুদ্ধে দপ্তরে বেপরোয়া আচরণ করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ-নিষেধ অমান্য করা, দপ্তরের কয়েকটি গুরুত্বপূর্ণ ফাইল গায়েব করা, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে অশালীন ভাষা ব্যবহার করা, প্রায়শই দপ্তরে অনুপস্থিত থাকা, কর্মকর্তাদের তুচ্ছ-তাচ্ছিল্য করা, জোরপূর্বক নির্বাহী প্রকৌশলীর রুমে প্রবেশ করে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করা এবং নির্বাহী প্রকৌশলীর শরীরে হাত তোলা ও প্রাণনাশের হুমকি প্রদান করার অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার ওপর সংশ্লিষ্ট বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিতকরণ (drop down to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), (সাময়িক বরখাস্তকৃত) সাবেক অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলীর আদেশাধীন) এর বিরুদ্ধে দপ্তরে বেপরোয়া আচরণ করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ-নিষেধ অমান্য করা, দপ্তরের কয়েকটি গুরুত্বপূর্ণ ফাইল গায়েব করা, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে অশালীন ভাষা ব্যবহার করা, প্রায়শই দপ্তরে অনুপস্থিত থাকা, কর্মকর্তাদের তুচ্ছ-তাচ্ছিল্য করা, জোরপূর্বক নির্বাহী প্রকৌশলীর রুমে প্রবেশ করে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করা এবং নির্বাহী প্রকৌশলীর শরীরে হাত তোলা ও প্রাণনাশের হুমকি প্রদান করার অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার ওপর সংশ্লিষ্ট বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিতকরণ (drop down to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

15/11/2022

(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩১২৩১০১৪
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬

অঃপৃঃদ্রঃ

E:\Bayzid\Office order for lower scale punishment\Rajshahi.doc1

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৯৮(১৬) তারিখঃ ৩০/০৯/১৪২৯ বঙ্গাঃ
১৫/১১/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
৫. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী।
৯. নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।
১০. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
১১. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ভোলা।
১২. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১৩. জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), (সাময়িক বরখাস্তকৃত) সাবেক অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলীর আদেশাধীন)।

২৩/১১/২০২২
(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯

ডায়েরী নং ১৪৬৭ ◆ তারিখঃ ২৭/১১/২২
প্রোগ্রামার ১/২ ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন
২৭/১১/২০২২
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা